

তথ্যবিবরণী

নম্বর-১০১

## ময়মনসিংহ সরকারি শিশু পরিবার (বালক)-এ শহিদ মিনার উদ্বোধন

ময়মনসিংহ, (রবিবার, ২৮ জানুয়ারি ২০২৪ খ্রি.):

ময়মনসিংহ সরকারি শিশু পরিবার (বালক) ও শান্তি নিবাস এর অভ্যন্তরে শহিদ মিনার উদ্বোধন করা হয়। আজ রবিবার (২৮ ডিসেম্বর) শহিদ মিনারটি উদ্বোধন করেন ময়মনসিংহ বিভাগীয় কমিশনার উম্মে সালামা তানজিয়া।

উদ্বোধন পরবর্তী সাংস্কৃতিক অনুষ্ঠানে বিভাগীয় কমিশনার শিশু-কিশোরদের উদ্দেশে বলেন, এই শহিদ মিনারটি প্রতিষ্ঠানটির জন্য একটি নির্দেশনার প্রতীক। তোমরা যখনই শহিদ মিনারটি দেখবে তখনই শহিদদের আত্মত্যাগের কথা মনে করবে। সকল শহিদ তাদের জীবন আত্মত্যাগের মাধ্যমে দেশকে যেমন স্বাধীনতা এনে দিয়েছে ঠিক তেমনি তোমাদের ত্যাগ ও সৃজনশীলতার মাধ্যমে দেশকে এগিয়ে নিয়ে যেতে হবে।

প্রধান অতিথি আরো বলেন, তোমাদের চিন্তা ও স্বপ্ন থাকতে হবে আকাশ ছোঁয়া, হৃদয় থাকতে হবে বড় ও সুন্দর। সেই চিন্তা ও স্বপ্নের মাধ্যমে তোমরাই গড়ে তুলবে আগামীর সমৃদ্ধ বাংলাদেশ। এ সময় তিনি শিশু কিশোরদের মধ্যে মেধাবৃত্তি প্রদান ও পোশাক বিতরণ করেন।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, সমাজসেবা অধিদপ্তরের বিভাগীয় পরিচালক মোহাম্মদ গোলাম মোস্তফা, অতিরিক্ত পরিচালক বিভাগীয় কার্যালয় তাপস ফলিয়া, উপপরিচালক বিভাগীয় কার্যালয় মোহাম্মদ আলী হায়দার ভূঁইয়া প্রমুখ।

ু

#

রেজভী/ মনির/দেওয়ান/রিদওয়ান/হদা/২০২৪/১৬:০০ ঘন্টা